



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৪৬৫/ক/অনু:/২০১৪/৭৬৪

তারিখ: ১৯/৫/১৪

বিষয়: ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ টাংগাইল জেলার মধুপুর উপজেলায় অবস্থিত 'মহিষমারা কলেজ' এ ২০১৪-১৫ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছে। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

- ১। মানবিক
- ২। বিজ্ঞান

বিষয়সমূহ:

আনশ্যিক:

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক

- ১। অর্থনীতি
- ২। পৌরনীতি ও সুশাসন
- ৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৪। সমাজকর্ম

বিজ্ঞান :

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন বিজ্ঞান
- ৩। জীব বিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- ১। এই অনুমতির মেয়াদ আগামী ৩ (তিন) বছর কার্যকর থাকবে।
- ২। কলেজে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এনটিআরসিএ দ্বারা নিবন্ধনকৃত হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- ৩। শিক্ষার্থী সংখ্যা কাম্য পর্যায়ে রাখতে হবে; বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসনের বেশি ভর্তি করা যাবে না।
- ৪। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৫। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৬। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

(স্বাক্ষর)

- ৮। ব্যানবেইস থেকে EIIN সংগ্রহ করে উক্ত চিঠির কপিসহ অতিসত্তর কোড নম্বরের জন্য আবেদন করতে হবে।
- ৯। আগামী ২৫/০৭/২০১৪ তারিখের মধ্যে বিধি মোতাবেক নির্বাহী কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে।
- ১০। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- বিজ্ঞান শাখায় ৫০ জন ও মানবিক শাখায় ৫০ জন।
- ১১। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১২। চলতি শিক্ষাবর্ষে (২০১৪-২০১৫) উচ্চমাধ্যমিক পর্যায়ে ছাত্র/ছাত্রী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় ফি বোর্ডে জমা করতে হবে।
- ১৩। কলেজের জন্য ব্যবহৃত ভবনে অন্য কোন ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১৪। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে ব্যাংক ড্রাফট।
- ১৫। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

১১/৭/১৪

ড. শ্রীকান্ত কুমার চন্দ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৮৬২৫৭৩৪ (অফিস)

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মহিষমারা কলেজ

ডাকঘর: সুনামগঞ্জ(গারোবাজার)

মহিষমারা, মধুপুর, টাংগাইল।

মেমো নং- ৭৬৪

তারিখ: ১১/৭/১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সভাপতি, নির্বাহী কমিটি, মহিষমারা কলেজ, মধুপুর, টাংগাইল।
- ৮। অফিস কপি।

১১/৭/১৪

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

১১/৭/১৪